**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 20-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM Matabari Dewali :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা সুন্দরী মন্দির এখন ত্রিপুরার পর্যটনের অন্যতম স্তম্ভ। গতকাল সন্ধ্যায় মাতাবাড়িতে তিনদিন ব্যাপী দীপাবলি উৎসব ও মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী দীপাবলি উপলক্ষ্যে রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন। তিনি বলেন উদয়পুর বনদুয়ারে নির্মান করা হবে নটরাজের বিশাল মূর্তি যা সারা দেশ ও বিশ্বের নজর কারতে সক্ষম হবে|

########## Byte CM ##########

এর আগে তিনি কল্যাণ সাগরে কল্যাণ আরতিতে অংশ নেন। মাতাবাড়িতে দীপাবলি মেলা ও উৎসবে সন্ধ্যার পর থেকে পুর্নার্থীদের ঢল নামে। কল্যাণ আরতিতে তিন হাজার মাটির প্রদীপ জ্বালানো হয়েছে।

*******************************

## Matabari Package Story :

দেবী কুমারী কালিকা রূপে মাতাবাড়িতে দীপাবলীর পুজো আয়োজনে সার্বিক দিব্য মহিমা আসলে বিশ্বজনীন মানবাত্মার মঙ্গলকামনাতেই সার্থক হয়| পুজোর পাশাপাশি দেওয়ালি মেলায় সমাজ সংস্কৃতি ভাষা এমনকি ধর্মেরও কোন আগল যেন থাকতে চায় না| পুজোর্চনা শুদ্ধ নিয়মের বন্ধনে চিরাচরিত ধারায় হলেও

মেলা যেন ভক্তির সঙ্গে ভালবাসার গাঁটছড়া  বাঁধার প্রতিযোগিতা| একটি প্রতিবেদন|

###########V/O###########

*******************************

**President of India Visit Kerala :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু চার দিনের সফরে আজ কেরালার তিরুবনন্তপুরমে পৌঁছাবেন। রাষ্ট্রপতি আগামীকাল শবরীমালা মন্দির পরিদর্শন করবেন। বৃহস্পতিবার তিনি রাজভবনে প্রাক্তন রাষ্ট্রপতি কে আর নারায়ননের এক আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করবেন। শ্রীমতি মুর্মু শ্রী নারায়ণ গুরু সমাধির জন্ম শতবর্ষের অনুষ্ঠান সহ নানা কর্মসূচিতে অংশ নেবেন। এছাড়াও তিনি এর্নাকুলামে সেন্ট থমাস ও সেন্ট টেরিজা কলেজের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

*******************************

**Sukla Charan Noatia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া গতকাল দক্ষিণ জোলাইবাড়ি এলাকায় আগরতলা-সাব্রুম ও জোলাইবাড়ি-বিলোনিয়া জাতীয় সড়কের সংযোগস্হলের আইল্যান্ডে ১00ফুট উঁচু জাতীয় পতাকার দন্ডের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের অর্থে এটি স্হাপন করা হয়েছে বলে জানান জোলাইবাড়ির বিডিও নবব্রত দত্ত।

*******************************

**PM - Local For Vocal :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উৎসবের মরশুমে স্বদেশী পণ্য কেনার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। শ্রী মোদী উৎসব মরশুমে দেশবাসী যে যে পণ্য কিনছেন তা সামাজিক মাধ্যমে শেয়ার করার অনুরোধ জানিয়েছেন| 'মাই গভঃ ইন্ডিয়া এক পোস্টের জবাবে তিনি ভারতীয় পণ্য কেনার প্রয়োজনীয়তার কথা তুলে ধরে এই ঘোষণা করতে বলেন- গর্বের সঙ্গে বলুন এই পণ্য স্বদেশে তৈরি। উল্লেখ্য, 'মাই গভঃ ইন্ডিয়া দেশ জুড়ে একটি বিশেষ প্রচার অভিযানের সূচনা করেছে, যার নাম দেওয়া হয়েছে- 'দীপাবলি উদ্যাপন করুন, স্বদেশী পণ্যকে উৎসাহিত করুন।

*******************************

**PM Dipawali :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, তিন প্রতিরক্ষা বাহিনীর অসাধারণ সমন্বয়, অপারেশন সিন্দুর চলাকালীন পাকিস্তানকে আত্মসমর্পণ করতে বাধ্য করেছিল। ভারতীয় সশস্ত্র বাহিনীর সাথে দীপাবলি উদযাপনের তাঁর বার্ষিক ঐতিহ্য বজায় রেখে, শ্রী মোদি গতকাল গোয়া এবং কারওয়ার উপকূলে আইএনএস বিক্রান্তে নৌবাহিনীর জওয়ানদের সাথে আলোর উৎসব উদযাপন করেছেন। শ্রী মোদী বলেন, আইএনএস বিক্রান্ত, ভারতের সশস্ত্র বাহিনীর সক্ষমতা প্রতিফলিত করে এবং এটি আত্মনির্ভর ভারত মেড ইন ইন্ডিয়ার বিশাল প্রতীক।

*******************************

**Veteran Actor Asrani Passes Away :**

দীর্ঘ রোগভোগের পর হিন্দি চলচ্চিত্র জগতের প্রবীণ অভিনেতা গোবর্ধন আসরানি প্রয়াত হয়েছেন। তার বয়স হয়েছিল ৮৪ বছর। তিনি চলচ্চিত্র মহলে আসরানি নামে পরিচিত ছিলেন। শোলে ছবিতে আসরানি জেলারের ভূমিকায় বিশেষ খ্যাতি লাভ করেন।

*******************************

**Election :**

রাজ্যের টিএসআর জওয়ানদের বিহার বিধানসভা নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিয়োজিত করা হবে। পুলিশ সদর দপ্তরের এসপি রাজদীপ দেব জানিয়েছেন, টিএসআরের সপ্তম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট জ্যোতিষ্মান দাসচৌধুরীর নেতৃত্বে পাঁচ কোম্পানি জওয়ান শীঘ্রই বিহারের উদ্দেশে রওয়ানা দেবেন।

*******************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*******************************

*******************************